সংবাদ

তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# দোহারে বাউবির ৮ পরীক্ষার্থী বহিষ্কার

প্রতিনিধি, দোহার (ঢাকা)

ঢাকার দোহার উপজেলায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার বাংলা বিষয়ে নকলের দায়ে ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করেছেন ভ্রাম্যমাণ আদালত। পরীক্ষায় ব্যাপক নকল হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে শুক্রবার উপজেলার সুতারপাড়া আবদুল হামেদ উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষায় উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের ম্যাজিস্ট্রেট কেএম আল-আমীন এ অভিযান চালান। এ সময় তিনি পরীক্ষায় নকলের অভিযোগে ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম আল-আমীন বলেন, 'সামনের পরীক্ষাগুলোতেও কোন প্রকার অনিয়ম সহ্য করা হবে না।'